

## জাতীয় গ্রন্থকেন্দ্রের সোমনাথ লাইব্রেরি থেকে বই চুরি করে বিনিময়ে মাদক সেবন করছে তরুণরা

সংস্কৃতি প্রতিমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক : সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান বলেছেন, লাইব্রেরি থেকে বই চুরি করে বাজারে বিক্রি করে সেই টাকায় মাদক সেবন করছে তরুণরা। এই হচ্ছে আমাদের আন্তর্জাতিক সমাজের চিত্র। তিনি এই অবসর থেকে তরুণ সমাজকে রক্ষার জন্য পাঠচর্চা ও জ্ঞান আহরণে তরুণদের উৎসাহিত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি সপ্তম বিক্রেতা পরিষদ মিলনায়তনে আন্তর্জাতিক গ্রন্থ নিবন্ধ উপলক্ষে জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত 'গ্রন্থবর্ষ অসীকার ও প্রত্যাশা' শীর্ষক সেমিনারের উদ্বোধনকালে একথা বলেন। অনুষ্ঠানে তারও বক্তব্য রাখেন সংস্কৃতি মন্ত্রণালয়ে সচিব নাজমুল আহসান চৌধুরী, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক মামুন হক এবং তথ্যসাহিত্যিক মঈনুল আহসানসহ অন্যান্যরা।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন নাজমুল ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক কবি আবদুল মান্নান সৈয়দ। বাংলা একাডেমীর সভাপতি ড. ওয়াকিল আহমেদের সভাপতিত্বে মূল প্রবন্ধের ওপর আলোচনায় অংশ নেন অধ্যাপক ড. সাঈদ-র-রহমান, বাংলাদেশ শোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালক আহমেদ মুসা, নব্বাস প্রকাশনা সংস্থার বড়লেখিকারী ইফতেখার রসুল জর্জ এবং দিনকাল সম্পাদক কাজী সিরাজ।

বেগম সেলিমা রহমান বলেন, আমাদের তরুণরা পাঠবিমুখ হয়ে পড়ছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য প্রধানমন্ত্রী ঘোষিত গ্রন্থবর্ষ ২০০২-এ আমরা গ্রন্থ ও পাঠকের চাহিদা এবং অসীকার পূরণে সব ধরনের পদক্ষেপ নেব। তিনি বলেন, বিদেশী লেখকদের বই পড়ার আগে দেশী লেখকদের বইয়ের ব্যাপারে খোঁজ নিতে হবে, পড়তে হবে।